আগামী ১৫মার্চ ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাবে রাঙ্গামাটির ৮৫ হাজার ৮৬০ শিশু

রাঙ্গামাটি- আগামী ১৫ মার্চ ২৫ ইং শনিবার সকাল থেকে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনে রাঙ্গামাটি জেলায় ৮৫ হাজার ৮৬০ জন শিশুকে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা রয়েছে স্বাস্থ্য বিভাগের। এর মধ্যে ১২ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের ৭৫ হাজার ৩২৩ এবং ৬ থেকে ১১ মাস বয়সী ১০ হাজার ৫৩৭ শিশুকে ক্যাপসুল খাওয়ানো হবে।

গতকাল বুধবার (১২মার্চ) বিকেলে রাঙ্গামাটি জেলা সিভিল সার্জন (সিএস) কার্যালয়ের সাংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন রাঙ্গামাটির সিভিল সার্জন ডা: নূয়েন খীসা।

সভায় স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, রাঙ্হামাটি জেলায় ৮৫ হাজার ৮৬০ শিশুকে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে। এর মধ্যে ৬ থেকে ১১ মাস বয়সী শিশুদের নীল রঙের এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের লাল রঙের ক্যাপসুল দেওয়া হবে।

ক্যাম্পেইনে চলাকালীন সময়ে জেলাজুড়ে ১১টি স্থায়ীকেন্দ্র ও ১ হাজার ১৯৬ অতিরিক্ত কেন্দ্রসহ মোট ১ হাজার ২০৭টি কেন্দ্র থাকবে। অনুষ্ঠানে রাঙ্গামাটি সিভিল সার্জন ডা: নূয়েন খীসা’র সভাপতিত্বে বক্তব্য রাখেন রাঙ্গামাটি প্রেস ক্লাবের সভাপতি সাখাওয়াত হোসেন রুবেল ও রাঙ্গামাটি রিপোর্টার ইউনিটির সভাপতি সুশীল প্রসাদ চাকমা। এসময় জেলায় বিভিন্ন প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ায় কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

বিনয় চাকমা/